

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৫৩০

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/১০১. কেউ মালদার গোলাম আযাদ করলে

بَابِ مَنْ أَعْتَقَ عَبْدًا وَلَهُ مَالٌ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا سَعِيدُ بْنُ مُحَمَّدٍ الْجَرْمِيُّ، حَدَّثَنَا الْمُطَّلِبُ بْنُ زِيَادٍ، عَنْ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ جَدِّهِ، عُمَيْرٍ _ وَهُوَ مَوْلَى ابْنِ مَسْعُودٍ _ أَنَّ عَبْدَ اللَّهِ، قَالَ لَهُ يَا عُمَيْرُ إِنِّي أُعْتِقُكَ عِتْقًا هَنِيئًا إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " أَيُّمَا رَجُلِ أَعْتَقَ غُلاَمًا وَلَمْ يُسَمِّ مَالَهُ فَالْمَالُ لَهُ " . فَأَخْبِرْنِي مَا مَالُكَ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ نُمَيْرٍ حَدَّثَنَا الْمُطَّلِبُ بْنُ زِيَادٍ عَنْ إِسْحَقَ بْنِ إِبْرَاهِيمَ قَالَ قَالَ عَبْدُ اللهِ بْنُ مَسْعُودِ لِجَدِّي فَذَكَرَ نَحْوَهُ

বাংলা

২/২৫৩০। ইবনে মাউদ (রাঃ) এর আযাদকৃত দাস উমাইর (রাঃ) থেকে বর্ণিত। আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) তাকে বললেন, হে উমাইর! আমি তোমাকে সন্তোষের সাথে আযাদ করতে চাই। কেননা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ কোন ব্যক্তি তার এমন গোলাস আযাদ করল যে গোলাম নিজ মালের বিষয় উল্লেখ করেনি, তাহলে উক্ত মাল তারই (অর্থৎ আযাদকারীর) অতএব আমাকে বলো, তোমার কী মাল আছে?

৩/২৫৩০(১)। মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে নুমাইর-মুত্তালিব ইবনে যিয়াদ-ইসহাক ইবনে ইবরাহীম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) আমার দাদা (উমায়র)-কে বললেন ... পূর্বোক্ত হাদীসের অনুরূপ।

English



It was narrated from Ishaq bin Ibrahim, from his grandfather 'Umair, who was the freed slave of Ibn Mas'ud, that `Abdullah said to him: "O Umair, I have set you free in a good way. I heard the Messenger of Allah (ﷺ) say: 'Any man who frees a slave and does not say anything about his (the slave's) wealth, it belongs to him (the slave).' So tell me, how much wealth do you have?"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ১৭৪৮।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. সাঈদ বিন মুহাম্মাদ আল-জামরী সম্পর্কে আবু দাউদ আসসাজিসতানী বলেন, তিনি সিকাহ। ইমাম দারাকুতনী বলেন, তিনি দুর্বল। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ তবে
তিনি শীয়া মতাবলম্বী হওয়ার অভিযোগ রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৩৪৮, ১১/৪৫ নং পৃষ্ঠা) ২.
ইসহাক বিন ইবরাহীম সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম বুখারী
বলেন, তার হাদিস সহিহ নয়, তার হাদিসের অনুসরণ করা যাবে না। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক
বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩২৯, ২/৩৬৮ নং পৃষ্ঠা) ৩. উমায়র সম্পর্কে ইবনু হাজার আলআসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং
৪৫২৪, ২২/৩৯৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন